

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএন্ডএমআইএস  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৫২.০১.০০০০.৭০৮.০২.০২৯.১৬. ৯৬-৪২

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাটি নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হয়ঃ

তারিখ : ১৩ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ  
সময় : বেলা ১২.০০ ঘটিকা।  
সভার স্থান : এসএসটিআই এর পরিচালক ও ইনোভেশন কর্মকর্তার সভাকক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।  
সভাপতি : জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা, এসএসটিআই

২.০ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি উপস্থিত সদস্যদের মাঝে ইনোভেশন কার্যক্রমের গুরুত্ব বর্ণনা করার এক পর্যায়ে ইনোভেশন টিম এর সদস্য সচিব ও উপপরিচালককে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব শুরুতেই পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রতিটি ইন্ডিকেটর সদস্যদের মাঝে তুলে ধরেন এবং বিস্তারিত আলোচনা করেন। উক্ত আলোচনায় সভাপতিসহ সকল সদস্য সক্রিয় অংশগ্রহণ করেন।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

১) কর্মপরিকল্পনা যথাসময়ে ও নিয়মিত ভাবে তথ্য বাতায়ণে হালনাগাদ করা প্রয়োজন এবং অতি দ্রুত বিষয়টি বাস্তবায়ন করা হবে। বার্ষিক কর্মপরিকল্পনাসহ ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি তথ্য বাতায়নে আপলোডকরন ও হালনাগাদকরণের কাজটি . ইনোভেশন কর্মকর্তা এবং সদস্য সচিব এর সাথে আলোচনাপূর্বক ইনোভেশন কমিটির সদস্য জনাব প্রলয় কুমার গোস্বামী পালন করবেন।

২) একটি বাজেট ফ্রেম তৈরি করে এফএন্ডএমআইএস এর ডিডিও বরাবর দ্রুত প্রেরণ করত প্রয়োজনীয় বাজেট চাইতে হবে। কমিটির সদস্য সচিব এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

- ৩) ইনোভেশন কার্যক্রমের আওতায় আটটি বিভাগে আট জন ইনোভেশন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জেডি মহোদয়ের মাধ্যমে নিয়োগ প্রদান করে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম বেগবান করতে হবে। এ সংক্রান্ত একটি পত্র দ্রুত বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ ব্যাপারে কমিটির সদস্য মিস মেহনাজ তাবাসদুন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪) দ্রুততম সময়ের মধ্যে এক দিনের ০১ টি কর্মশালা ও ০২ দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। সেমিনার ও প্রশিক্ষণ সংক্রান্ত একটি ক্যালেন্ডার প্রণয়ন করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেমিনার ও প্রশিক্ষণ সংক্রান্ত একটি ক্যালেন্ডার প্রণয়নের কাজটি কমিটির সদস্য জনাব মো. মিনার উদ্দীন পালন করবেন। কমিটির সদস্য সচিব তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
- ৫) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় অতি দ্রুত লোকাল শিক্ষা সফরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৬) উন্নত দেশের ন্যূন ইনোভেশন ও রিসার্চ প্রাটফর্ম ( আইআরপি) গঠন করার প্রস্তাব দ্রুত মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। এর মাধ্যমে ইনোভেশন ও সার্বিক গবেষণা কার্যক্রম পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবে। এ ব্যাপারে কমিটির সদস্য জনাব মোহাম্মদ সাদ্দাম হোসেন খান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭) আগামী সেপ্টেম্বর ২০২০ এর ১৫ তারিখের মধ্যে ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত একটি পর্যালোচনা সভা আহবান করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
আবুল কালাম আজাদ

পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা

ফোন: ৫৫০০৭০১০

ইন্টারকমঃ ১৭৬৩

বিতরণ :

- ১। জনাব/বেগম.....সদস্য, ইনোভেশন কমিটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ২। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এসএসটিআই (পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, এফএএসএমআইএস, বিবিএস
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩। স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৫। আয়ন ব্যয়ন কর্মকর্তা, এফএএসএমআইএস, বিবিএস।